গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন**
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.bpsc.gov.bd

**৪০তম বি.সি.এস. পরীক্ষা-২০১৮ এর মৌখিক পরীক্ষা [প্রার্থীর সাক্ষাৎকারপত্র]**

নম্বর: ৮০.০০.০০০০.২০০.৬০.০২৩.২১-৬২

তারিখ: ২০ মাঘ ১৪২৭ / ০৩ ফেব্রুয়ারি ২০২১

**বিষয়: ৪০তম বি.সি.এস. এর মৌখিক পরীক্ষার সাক্ষাৎকারপত্র।**

৪০তম বি.সি.এস. পরীক্ষা-২০১৮ এর লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী .............................................................................. রেজিস্ট্রেশন নম্বর ................................ কে নিম্নোক্ত তারিখ, সময় ও স্থানে মৌখিক পরীক্ষার জন্য উপস্থিত হতে অনুরোধ করা যাচ্ছে:

**তারিখ :** ......................

**সময় : সকাল ১০.০০ মিনিট**

**স্থান:** বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

২. এই সাক্ষাৎকারপত্রটি এবং ৪০তম বি.সি.এস. এর প্রিলিমিনারি টেস্টের জন্য অনলাইনে প্রাপ্ত ছবি সংবলিত প্রবেশপত্র মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই প্রদর্শন করতে হবে।

৩. ৪০তম বি.সি.এস. এর জন্য নির্ধারিত অনলাইন ফরম অর্থাৎ BPSC Form-1[Applicant's Copy] এর সাথে প্রার্থীকে নিম্নোক্ত সনদ/প্রত্যয়নপত্র/ডকুমেন্টস এর **২ (দুই) সেট** সত্যায়িত কপি মৌখিক পরীক্ষা বোর্ডে জমা দিতে হবে এবং মূল সনদসমূহ বোর্ডে প্রদর্শন করতে হবে; অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না:

**[ নিম্নের ক্রমনম্বর অনুযায়ী কাগজপত্র সংযুক্ত করতে হবে এবং প্রতিটি ডকুমেন্ট এর ওপর সংশ্লিষ্ট ডকুমেন্টের ক্রমনম্বর লিখতে হবে।]**

১. প্রার্থীর স্বাক্ষরযুক্ত এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনধিক ৩ (তিন) মাস পূর্বে তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি BPSC Form-1 এর ওপরে বামপাশে স্ট্যাপলারের সাহায্যে সংযুক্ত করতে হবে।

২. বয়স প্রমাণের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এস.এস.সি./সমমানের পরীক্ষার মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি। "ও-লেভেল" এবং "এ-লেভেল" উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ। উল্লেখ্য, বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩. শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ বোর্ড এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সকল মূল/সাময়িক সনদের সত্যায়িত ফটোকপি।

৪. চার বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রিধারী প্রার্থীদের সনদ/মার্কশিট/টেস্টিমোনিয়ালে যদি ৪ বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) উল্লেখ না থাকে তবে অর্জিত ডিগ্রি ৪ বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) মর্মে বিভাগীয় প্রধান/পরীক্ষা নিয়ন্ত্রক/রেজিস্ট্রার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায়, তাদের অর্জিত ডিগ্রি ৩ বছর মেয়াদি হিসেবে বিবেচনা করা হবে।

৫. বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে ১১.০৯.২০১৮ তারিখে প্রকাশিত ৪০তম বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞাপনের ১(খ) অনুচ্ছেদ অনুযায়ী সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত কপি।

৬. মেডিকেল (এম.বি.বি.এস.) ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বি.এম.ডি.সি., পশুপালন (ডি.ভি.এম.) ডিগ্রিধারীদের ক্ষেত্রে ভেটেরিনারি কাউন্সিল এবং অন্যান্য বিষয়ে ডিগ্রিধারীদের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশন সনদের একটি সত্যায়িত ফটোকপি। আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানার সাথে বি.এম.ডি.সি./ভেটেরিনারি কাউন্সিলের সনদে বর্ণিত ঠিকানায় পরিবর্তন হয়ে থাকলে জাতীয় পরিচয়পত্র (NID) এর সত্যায়িত ফটোকপি বা সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভার চেয়ারম্যান, স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভা/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার, নোটারি পাবলিক অথবা প্রথম শ্রেণির (গ্রেড-৯) সরকারি কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

৭. যে সকল প্রার্থী অবতীর্ণ (Appeared) প্রার্থী হিসেবে শর্তসাপেক্ষে আবেদন করেছেন তাদের ক্ষেত্রে স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ের সকল লিখিত পরীক্ষা ৪০তম বি.সি.এস. পরীক্ষার আবেদনপত্র গ্রহণের শেষ তারিখের মধ্যে অর্থাৎ ১৫.১১.২০১৮ তারিখের মধ্যে সম্পূর্ণরূপে শেষ হয়েছে মর্মে সংশ্লিষ্ট পরীক্ষা নিয়ন্ত্রক, বিশ্ববিদ্যালয়ের বিভাগীয় চেয়ারম্যান বা শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত পরীক্ষা শুরু ও শেষ হওয়ার তারিখ সংবলিত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি। লিখিত পরীক্ষা শুরু ও শেষ হওয়ার তারিখবিহীন প্রত্যয়নপত্র গ্রহণযোগ্য হবে না।

৮. ৪০তম বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞাপনের ৩৩ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী প্রার্থীর ওজন (কে.জি.), উচ্চতা (সে.মি.) ও বুকের মাপ (সে.মি.) সম্পর্কে বি.এম.ডি.সি. রেজিস্ট্রার্ড মেডিকেল প্র্যাকটিশনার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি। প্রত্যয়নপত্রে মেডিকেল প্র্যাকটিশনারের রেজিস্ট্রেশন নম্বর অবশ্যই উল্লেখ থাকতে হবে।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য:

৯. বর্তমানে কোনো সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত/স্থানীয় সরকার সংস্থার চাকরিতে নিযুক্ত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্রের (Clearance certificate) সত্যায়িত কপি।
[ছাড়পত্রের ফরমেট কমিশনের ওয়েবসাইট হতে প্রার্থীগণকে ডাউনলোড করে সংগ্রহ করতে হবে]

১০. কোনো প্রার্থী সরকারি/ আধা সরকারি/ স্বায়ত্তশাসিত/স্থানীয় সরকার সংস্থায় চাকরি থেকে ইস্তফা দান করলে বা চাকরি থেকে অপসারিত হলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্র/গৃহীত ইস্তফাপত্র/অপসারণ আদেশের সত্যায়িত কপি।

১১. প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদের সত্যায়িত ফটোকপি। উল্লেখ্য, জেলা প্রশাসক ব্যতীত অন্য কোনো কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদ গ্রহণযোগ্য হবে না।

১২. প্রার্থী প্রতিবন্ধী হলে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী সনদের সত্যায়িত ফটোকপি।

১৩. তৃতীয় লিঙ্গভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি।

১৪. যে সকল প্রার্থীর জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর রয়েছে সে সকল প্রার্থী NID এর সত্যায়িত কপি জমা দিবেন। যে সকল প্রার্থীর NID নম্বর নেই সে সকল প্রার্থী NID প্রাপ্তির পর কমিশনের পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার) বরাবর দরখাস্তসহ NID এর সত্যায়িত কপি জমা দিবেন। তবে NID না থাকার কারণে কোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে না।

১৫. প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬.০২.২০০২ তারিখের মুঃবিঃম/সনদ-১/প্র-১/২০০২/০২ নম্বর প্রজ্ঞাপন মোতাবেক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদপত্রের ২টি সত্যায়িত কপি;

অথবা

১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদপত্রের ২টি সত্যায়িত কপি।

১৬. আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে সে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি। পিতা/মাতার মুক্তিযোদ্ধার সনদে বর্ণিত ঠিকানা অনলাইন আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্ন হলে মুক্তিযোদ্ধা সনদে বর্ণিত মুক্তিযুদ্ধকালীন ঠিকানার সপক্ষে এবং পরিবর্তিত স্থায়ী ঠিকানার সপক্ষে জাতীয় পরিচয়পত্র (NID) এর সত্যায়িত ফটোকপি বা সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌর চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত দু'টি ভিন্ন ভিন্ন প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

১৭. BPSC Form-1 এ স্থায়ী ঠিকানায় প্রার্থী কর্তৃক বর্ণিত জেলার প্রার্থী হিসেবে বিবেচিত হবেন। অনলাইনে আবেদনপত্র জমাদানের পর সংগতকারণে প্রার্থীর স্থায়ী ঠিকানার পরিবর্তন হলেও BPSC Form-1 এ বর্ণিত স্থায়ী জেলার ভিত্তিতেই তার সুপারিশ প্রেরণ করা হবে।

১৮. স্থায়ী ঠিকানার সপক্ষে NID এর সত্যায়িত কপি, স্ব-স্ব সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/ কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র জমা দিতে হবে।

১৯. প্রাক্ চাকরি বৃত্তান্ত যাচাই ফরম (পুলিশ ভেরিফিকেশন ফরম) কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট থেকে ডাউনলোড করে ফরমের সকল তথ্য পূরণ ও স্বাক্ষর করে সংশ্লিষ্ট কাগজপত্রসহ ফরমের ৩ (তিন) কপি মৌখিক পরীক্ষার দিন সংশ্লিষ্ট বোর্ডে দাখিল করতে হবে।

৪. কমিশনের মৌখিক পরীক্ষার বোর্ডে উপস্থিত হওয়ার জন্য কোনো প্রকার ভ্রমণভাতা বা অন্য কোনো ভাতা প্রদান করা হবে না।

৫. মৌখিক পরীক্ষার দিন কমিশন চত্বরে (ক্যান্টিনসহ) প্রার্থীর জন্য মোবাইল ফোন ও কোনো প্রকার যোগাযোগযন্ত্র সহ প্রবেশ এবং ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ ও শাস্তিযোগ্য অপরাধ ।

৬. প্রার্থী কর্তৃক কমিশন চত্বরে (ক্যান্টিনসহ) কমিশনের কোনো কর্মকর্তা/কর্মচারির সাথে আলোচনা বা আলাপচারিতায় মিলিত হওয়া নিষিদ্ধ ।

৭. মৌখিক পরীক্ষার নির্ধারিত তারিখ পরিবর্তন করা হবে না।

০৬/02/2023

**[ নুর আহমদ ]**
পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]
[ যুগ্মসচিব ]